



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

বঙ্গাবন্ধুর দর্শন,  
সমবায়ের উন্নয়ন

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর আওতায়

তথ্য অধিকার বিষয়ে

বার্ষিক প্রতিবেদন।

প্রকাশঃ ০৪/০৭/২০২৩ খ্রি.

প্রকাশনায়ঃ উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

## সম্পাদক

মোছাঃ মর্জিনা বেগম  
উপজেলা সমবায় অফিসার  
জয়পুরহাট সদর, জয়পুরহাট

## সম্পাদনা সহযোগী

০১। পবন কুমার চক্রবর্তী  
সহকারী পরিদর্শক  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

০২। মোঃ আহসান হাবীব  
সহকারী পরিদর্শক  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

## প্রকাশকাল

০৪/০৭/২০২৩ খ্রিঃ।

## প্রকাশনায়

উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

বঙ্গবন্ধুর দর্শন,  
সমবায়ের উন্নয়ন

সূচীপত্রঃ

১। জেলা সমবায় অফিসার, জয়পুরহাট মহোদয়ের বাণী।	১
২। উপজেলা সমবায় অফিসারের বাণী।	২
৩। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর যোগাযোগ ব্যবস্থা।	৩
৪। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সাংগঠনিক কাঠামো।	৪
৫। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর কর্মকর্তা/কর্মচারীর পরিচিতি।	৫
৬। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সমবায় সমিতির তথ্য।	৬-৮
৭। উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর বিভিন্ন সমবায় সমিতির উন্নয়নমূলক কর্মকান্ড।	৯-১১



জেলা সমবায় অফিসার  
জয়পুরহাট।



বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন জয়পুরহাট সদর উপজেলার ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম স্বপ্ন ছিল একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার। তারি ধারাবাহিকতায় সরকারের ভিশন ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে সমবায় অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল সেক্টরে সমবায় বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে যে ভূমিকা পালন করছে তার একটি চিত্র তুলে ধরার জন্য উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারি ধারাবাহিকতায় এবছর বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হলো। প্রতিবেদনটিতে জয়পুরহাট সদর উপজেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যান ও চিত্র তুলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি জয়পুরহাট সদর উপজেলার সমবায় কর্মকান্ডের প্রচার ও প্রসারে ব্যাপক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। এই প্রতিবেদন প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।



উপজেলা সমবায় অফিসার  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।



বাগী

এদেশের খেটে খাওয়া দরিদ্র মানুষের আর্থ-সামাজিক মুক্তি ছিল জাতির জনক বঙ্গবন্ধুর মূলভাবনা ও স্বপ্ন। বঙ্গবন্ধুর সেই ভাবনা ও স্বপ্নকে বাস্তবায়নের জন্য তাঁর সুযোগ্য কন্যা আধুনিক বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রান্তিক জনগোষ্ঠিকে দক্ষ মানব সম্পদে রূপান্তর করার জন্য সমবায় বিভাগকে দিক নির্দেশনা প্রদান করে চলছেন। তাঁর নির্দেশনা বাস্তবায়নের জন্য সমবায় অধিদপ্তর নিরলসভাবে কাজ করে চলেছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জয়পুরহাট সদর উপজেলার সমবায় বিভাগ যে অবদান রাখছে তাঁর একটি চিত্র তুলে ধরার জন্য প্রতি বছরের ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হলো। প্রতিবেদনটিতে জয়পুরহাট সদর উপজেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যান ও চিত্র তুলে ধরা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি জয়পুরহাট সদর উপজেলার সমবায় কর্মকান্ডের প্রচার ও প্রসারে ব্যাপক ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির গুনগত মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গ্রহণ করা হবে।

## উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর এর যোগাযোগ ব্যবস্থাঃ-


উপজেলা সমবায় কার্যালয় , জয়পুরহাট সদর, জয়পুরহাট , উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন- ০১ অথাৎ হারাবতী ভবনের ২য় তলায় অবস্থিত। জয়পুরহাট বাসস্ট্যান্ড থেকে পশ্চিম দিকে ০১ কিলোমিটার দূরে সিও, কলোনিতে উপজেলা পরিষদ অবস্থিত। জয়পুরহাট বাসস্ট্যান্ড থেকে অটোরিক্সা, রিক্সা কিংবা অটোটেম্পু যোগে মাত্র ১০ টাকা ভাড়ায় উপজেলা পরিষদে আসা যায়। অন্যদিকে কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পাচুরমোড় থেকে মাত্র ০১ কিলোমিটার পূর্বদিকে অটোরিক্সা, রিক্সা কিংবা অটোটেম্পু যোগে মাত্র ১০ টাকা ভাড়ায় উপজেলা পরিষদে আসা যায়। জয়পুরহাট রেল স্টেশন থেকে মাত্র ০১ কিলোমিটার পূর্বদিকে অটোরিক্সা, রিক্সা কিংবা অটোটেম্পু যোগে মাত্র ১০ টাকা ভাড়ায় উপজেলা পরিষদে আসা যায়।

উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর জয়পুরহাট এর সাংগঠনিক কাঠামো(অর্গানোগ্রাম)

জনবল=০৫ জন




## কর্মকর্তাঃ-


	নাম	মোছাঃ মর্জিনা বেগম
	পদবি	উপজেলা সমবায় অফিসার
	অফিস	উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট
	ই-মেইল	uco_joypurhat@yahoo.com

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭৯১৭৩২৭২২
ফাক্স	-

## কর্মচারীবৃন্দঃ-

	নাম	পবন কুমার চক্রবর্তী
	পদবি	সহকারী পরিদর্শক
	অফিস	উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট
	ই-মেইল	pabanchakrovortee.1982@gmail.com

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭২০১৫৬২২০
ফাক্স	-

	নাম	মোঃ আহসান হাবীব
	পদবি	সহকারী পরিদর্শক
	অফিস	উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট
	ই-মেইল	ahabibaics@gmail.com

ফোন(অফিস)	০২৫৮৯৯১৬০৩৫
ফোন(বাসা)	-
মোবাইল	০১৭১৫১৮১৬৩৮
ফাক্স	-





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

বঙ্গবন্ধুর দর্শন,  
সমবায় উন্নয়ন

## উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর

### ১.১ ক্যাটাগরিভিত্তিক সমবায় সমিতির তথ্য

ক্রমিক নং	সমবায় সমিতির ক্যাটাগরি এর নাম	সমিতি সংখ্যা
১	কেন্দ্রীয় সমবায় সমিতি	০৩
২	কৃষি সমবায় সমিতি	২০
৩	আখচাষী সমবায় সমিতি	১৭
৪	মৎস্যজীবী সমবায় সমিতি	৪৪
৫	মৎস্যচাষী সমবায় সমিতি	০২
৬	শ্রমজীবী/শ্রমিক ও শ্রমিক কল্যাণ সমবায় সমিতি	০৭
৭	ভূমিহীন সমবায় সমিতি	১৬
৮	মহিলা সমবায় সমিতি	০৪
৯	মুক্তিযোদ্ধা সমবায় সমিতি	০১
১০	অটোরিক্সা, অটোটেম্পু চালক সমবায় সমিতি	০১
১১	পরিবহন মালিক সমবায় সমিতি	০২
১২	কর্মকর্তা/কর্মচারী সমবায় সমিতি	০২
১৩	পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি	০১
১৪	সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি	২৩
১৫	ব্যবসায়ী সমবায় সমিতি	২৯
১৬	সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি	১৫
১৭	বহুমুখী সমবায় সমিতি	২১
১৮	ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি	০৭
১৯	সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক	০১
২০	আশ্রয়ণ /আশ্রয়ণ ফেইজ-২ সমবায় সমিতি	১৮
২১	অন্যান্য সমবায় সমিতি	০৫
২২	ক্রেডিট ইউনিয়ন(কাষ) সমবায় সমিতি	০১
	সর্বমোট	২৪০



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

বঙ্গবন্ধুর দর্শন,  
সমবায়ের উন্নয়ন

১.২ উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর সমবায় সমিতির মৌলিক তথ্য (২০২১-২০২২  
অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী)

উপজেলার নাম	সমবায় বিভাগীয় সমিতি (পউবো ব্যতীত)			প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির সম্মিলিত তথ্য							
	কেন্দ্রীয়	প্রাথমিক	মোট সমিতি সংখ্যা	সদস্য	কার্যকরী মূলধন	বিনিয়োগ	নিট লাভ	অডিট ফি	সিডিএফ	লভ্যাংশ বণ্টন	স্বকর্ম সংস্থান
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
জয়পুরহাট সদর	৩	২৩৭	২৪০	৩৬২৮২	১০৭০.৯৫	৮০১.১০	৪৪.৭৬	২.২৫	১.৩৪	১৮.১১	১৫০
সর্বমোট	৩	২৩৭	২৪০	৩৬২৮২	১০৭০.৯৫	৮০১.১০	৪৪.৭৬	২.২৫	১.৩৪	১৮.১১	১৫০



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

বঙ্গবন্ধুর দর্শন,  
সমবাসে উন্নয়ন

২.২ শুদ্ধাচার পুরস্কার ২০২২-২০২৩ এর জন্য মনোনীত সহকর্মীগণের তথ্য

ক্রমিক নং	নাম	পদবি	গ্রেড	কর্মস্থল	যে ক্যাটাগরিতে মনোনীত	পিপি সাইজের ছবি
১	২	৩	৪	৫	৬	৭
					জাতীয় শুদ্ধাচার	
					জাতীয় শুদ্ধাচার	
					জাতীয় শুদ্ধাচার	
					জাতীয় শুদ্ধাচার	

৩.১ প্রকল্প

প্রকল্পের নাম	সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমাণ	উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমাণ	উপকারভোগীর সংখ্যা	আদায়ের হার (%)	অন্যান্য তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
আশ্রয়ণ	৩৪,৭২,৫০০/-	৩৪,৭২,৫০০/-	১১২	৮২%	০	
গাভী প্রকল্প	০	০	০	০	০	
ফ্যামিলি ওয়েলফেয়ার	০	০	০	০	০	
শক্তিশালীকরণ	০	০	০	০	০	
অন্যান্য (যদি থাকে)	০	০	০	০	০	

৩.২ প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিংসেশন (সকল উপজেলার ক্ষেত্রে প্রযোজ্য) (২০২২-২০২৩)

প্রশিক্ষণের ধরন	প্রশিক্ষণার্থীর ধরন	কোর্স সংখ্যা	প্রশিক্ষণার্থী সংখ্যা			মন্তব্য
			পুরুষ	মহিলা	মোট	
১	২	৩	৪	৫	৬	৭
ভ্রাম্যমাণ	সমবায়ী	০২	৩৩	১৭	৫০	
আইজিএ	সমবায়ী	০	০	০	০	
ইনহাউজ	কর্মকর্তা/কর্মচারি	১	১	০	১	
অন্যান্য (যদি থাকে)						

## উপজেলা সমবায় কার্যালয়, জয়পুরহাট সদর, জয়পুরহাট এর বিভিন্ন সমবায় সমিতির উন্নয়নমূলক কর্মকান্ডঃ-

### উত্তর জয়পুর চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি লিঃ

শস্যের ভান্ডার হিসাবে খ্যাত সীমান্ত ঘেষা জয়পুরহাট জেলার সদর উপজেলা দোগাছী ইউনিয়নের উত্তর জয়পুর এলাকায় প্রতিষ্ঠিত গ্রামের প্রান্তিক জনগোষ্ঠির ২৫ জন নর নারী নিয়ে ২০০৮ সালে গঠিত হয় উত্তর জয়পুর চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি লিঃ। প্রতিষ্ঠালগ্নে সমিতির সদস্যগণ শেয়ার ও সঞ্চয় আদায়ের মধ্যেই তাদের কর্মকান্ড সীমিত রেখেছিলেন। ধীরে ধীরে সমিতির কর্মকান্ড ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। সমিতির সদস্যগণ তাদের পেশার সাথে মিল ও সামঞ্জস্য রেখে কৃষি ও কৃষক বান্ধব বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করতে থাকে। ফলশ্রুতিতে সমিতির বর্তমান শেয়ার মূলধনের পরিমান ৬,১১,৯৬০/- টাকা, সঞ্চয় আমানতের পরিমান ১,০৪,৩৩,১২৯/- টাকা এবং কার্যকরী মূলধনের পরিমান ১,২৪,৭২,৩২৮/- টাকা। কর্মী সংখ্যা ০৬ জন। জমির পরিমান ০.০৫ শতক ভৌত অবকাঠামোর মূল্য ৭,৬৭,৭৮২/- টাকা। বর্তমান সদস্য সংখ্যা ৭৪৮ জন। অত্র সমিতির কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ০৯ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ ও অ্যান্য উপ-কমিটি তাদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে আসছে।

### সমিতির উল্লেখযোগ্য কার্যক্রমঃ-

- সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম গ্রহন ও বাস্তবায়নের মাধ্যমে এ পর্যন্ত প্রায় ২২০ জনের অধিক লোকের স্ব-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে।
- সমিতির নিজস্ব অর্থায়নে দরিদ্র ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ ও আর্থিক অনুদান প্রদান।
- বেকার যুবকদের মানসিক উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন আল্ল-নির্ভরশীল কার্যক্রম সৃষ্টি।
- দেশ ও জাতির ইতিহাস ও ঐতিহ্যকে সম্মুখত এবং তা বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরার জন্য বিভিন্ন জাতীয় দিবস উদযাপন।
- গ্রামের অস্বচ্ছল পরিবারের ছাত্র-ছাত্রীদের বিশেষ করে স্কুলের ঝড়ে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য একজন শিক্ষক সমিতির পক্ষ থেকে নিয়োগ দিয়ে সমিতির অফিসঘরে পড়াশুনার ব্যবস্থা।
- প্রতি বছর সমিতির সদস্য-সদস্যা, কর্মকর্তা এবং কর্মচারীদের মানসিক ও শারিরীক বিকাশে এবং তাদের মনোবল বৃদ্ধির জন্য ক্রীড়া প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা।
- সমিতিতে একটি খাবার প্রকল্প রয়েছে যার মাধ্যমে শহরে ও গ্রামে জিও, এনজিও কর্তৃক আয়োজিত প্রগ্রামে চুক্তিভিত্তিক খাবারের অর্ডার নেওয়া হয়। এত সমিতিটি আর্থিকভাবে বেশ উন্নতি করছে।
- বিগত ২০১৯-২০২০ অর্থবছরে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারনে বেকার ও কর্মহীন নিম্ন আয়ের জনসাধারণের মাঝে ৩,৭৩,৫৩৭/- টাকার খাদ্য সামগ্রী প্রদান করা হয়েছে।

### স্থানীয় পর্যায়ে সমবায়ের সম্ভাবনাঃ -

সমিতিটির সিংহভাগ সদস্য মহিলা। মহিলারা পরিবারের সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়ায় অবতীর্ণ হলে সমাজ তথা দেশের সামগ্রিক উন্নয়ন সাধিত হবে। এই লক্ষ্যকে সামনে রেখে সমবায় বিভাগ, জয়পুরহাট কর্তৃক সমিতির মহিলা সদস্যদের আইজিএ সেলাই, ব্লক-বাটিক প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষণ গ্রহন করে

মহিলারা বাড়িতে পরিবারের জন্য জামা কাপড় সেলাই করে এবং গ্রামের অন্যান্য নারী পুরুষের জামা-কাপড় সেলাই করে নিজেরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও আত্ম-নির্ভরশীল হচ্ছে। উত্তর জয়পুর এলাকায় আইজিএ সেলাই প্রশিক্ষণ এক যুগান্তকারী ও গুনগত পরিবর্তন সাধন করেছে। প্রশিক্ষণপ্রাপ্ত মহিলাদের আর্থ-সামাজিক পরিবর্তন লক্ষ্য করে এলাকার অন্যান্য মহিলারা এই সমিতির সদস্যপদ পেতে খুবই আগ্রহী হচ্ছে এবং প্রশিক্ষণ গ্রহণ করে নিজের ভাগ্যের চাকা পরিবর্তনের স্বপ্ন দেখছে।

**সমিতি পরিদর্শনঃ-** সমিতিটি প্রতিষ্ঠার পর থেকেই নিম্নবর্ণিত সম্মানিত ব্যক্তিবর্গ অত্র সমিতির কার্যক্রম পরিদর্শন করে আসছে।

- জনাব মোঃ সামছুল আলম দুদু,মাননীয় সংসদ সদস্য,জয়পুরহাট-১ ও সদস্য,স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
- জনাব মোহাঃ আব্দুল মজিদ, যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী।
- জনাব মোঃ আরিফুর রহমান রকেট,চেয়ারম্যান,জেলা পরিষদ জয়পুরহাট ও সভাপতি,বাংলাদেশ আওয়ামীলীগ,জয়পুরহাট জেলা শাখা।
- জনাব এস এম সোলায়মান আলী,চেয়ারম্যান,জয়পুরহাট সদর,উপজেলা পরিষদ।
- জনাব মিল্টন চন্দ্র রায়,উপজেলা নির্বাহী অফিসার,জয়পুরহাট সদর।

**উপসংহারঃ-** হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক মহান নেতা বঙ্গবন্দু শেখ মুজিবুর রহমান এর আদর্শে বলিয়ান হয়ে সমবায়ের পতাকাকে সমুন্নত ও উন্নীত করার জন্য সমবায়ের বিকল্প নেই। এই লক্ষ্যকে সামনে রেখে অত্র উত্তর জয়পুর চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি কাজ করে যাচ্ছে।



জনাব মোঃ সামছুল আলম দুদু,মাননীয় সংসদ সদস্য,জয়পুরহাট-১ ও সদস্য,স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও  
জনাব এস এম সোলায়মান আলী,চেয়ারম্যান,জয়পুরহাট সদর,উপজেলা পরিষদ। অত্র সমিতির ১০ তম বার্ষিক সাধারণ সভায় শ্রেষ্ঠ সমবায়ীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন।



জনাব মোহাঃ আব্দুল মজিদ, যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী। অত্র সমিতির আইজিএ সেলাই প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখেন।





জনাব মোঃ আরিফুর রহমান রকেট, চেয়ারম্যান, জেলা পরিষদ জয়পুরহাট ও সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, জয়পুরহাট জেলা শাখাকে অত্র সমিতির পক্ষ থেকে ফুল দিয়ে বরন।



জনাব মিল্টন চন্দ্র রায়, উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর অত্র সমিতির বার্ষিক সাধারণ সভায় বক্তব্যবর্ত।



উত্তর জয়পুর চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি লিঃ বার্ষিক সাধারণ সভায় আগত সমবায়ীবৃন্দ।



উত্তর জয়পুর চলন্তগতি বহুমুখী সমবায় সমিতি লিঃ এর আইজিএ সেলাই প্রশিক্ষনে প্রশিক্ষানার্থীবৃন্দ।